সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭০

৬/ সফর (أَبْوَابُ السَّفَرِ)

পরিচ্ছেদঃ মহিলাদের মসজিদে গমন।

باب مَا جَاءَ فِي خُرُوجِ النِّسَاءِ إِلَى الْمَسَاجِدِ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنِ الأَعْمَشِ، عَنْ مُجَاهِدٍ، قَالَ كُنَّا عِنْدَ ابْنِ عُمَرَ فَقَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " ايذَنُوا لِلنِّسَاءِ بِاللَّيْلِ إِلَى الْمَسَاجِدِ " . فَقَالَ ابْنُهُ وَاللَّهِ لاَ نَأْذَنُ لَهُنَّ يَتَّخِذْنَهُ دَغَلاً . فَقَالَ فَعَلَ اللَّهُ بِكَ وَفَعَلَ أَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَتَقُولُ لاَ نَأْذَنُ لَهُنَّ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَزَيْنَبَ امْرَأَةِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ وَزَيْدِ بْنِ خَالِدٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৫৭০. নাসর ইবনু আলী (রহঃ) .... মুজাহিদ (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমরা একদিন ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু এর কাছে বসা ছিলাম। তিনি বললেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ তোমরা মহিলাদেরকে রাতে মসজিদে যেতে অনুমতি দিও। তখন তার ছেলে (বিলাল) বললেনঃ আল্লাহর কসম, আমরা তাদের অনুমতি দিব না। কারণ এটিকে তারা একটা বাহানা বানিয়ে নিবে। এই শুনে ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বললেনঃ আল্লাহ্ তোমার সাথে যা করার করুন। আমি বলছি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (অনুমতি দিতে) বলেছেন, আর তুমি বলছ আমরা অনুমতি দিব না। - সহিহ আবু দাউদ ৫৭৭, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৭০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ হুরায়রা, আবদুল্লাহ্ ইবনু মাসঊদ এর স্ত্রী যয়নব এবং যায়দ ইবনু খালিদ রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ।

English

Mujahid narrated:

"We were with Ibn Umar, and he said: 'The Messenger of Allah said: "Permit the women to go at night to the Masajid." His son said: 'By Allah! We would not permit them lest they become insidious from that.' So he (Abdullah) retorted: 'May Allah do and such with you.' I say: "The Messenger of Allah said," and you say: "We do not permit them?"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17759

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন